গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-এর জন্য নিম্নবর্ণিত ৩য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৯ম গ্রেডভুক্ত অসামরিক শিক্ষক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইন (Online) দরখাস্ত আহবান করা যাইতেছেঃ

| ক্রঃ | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী) | | পদের সংখ্যা | ৩১ মে ২০২৫ তারিখে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | অধ্যাপক (গ্রেড-৩) টাকা ৫৬৫০০ - ৭৪৪০০ | সিভিল ইঞ্জিনিয়ারিং-৪<br>কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-৩<br>ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক অ্যান্ড কমিনিকেশন ইঞ্জিনিয়ারিং-৫<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-৫<br>এ্যারোনেটিক্যাল ইঞ্জিনিয়ারিং-২<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং-৩ | ২২ | ৫০ বৎসর (অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহযোগী অধ্যাপক হিসাবে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি;<br>(গ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) টিসহ ১২ (বারো) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে];<br>(ঘ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি (সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(ঙ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| | | পদার্থ-১<br>গণিত-১ | ০২ | ৫০ বৎসর (অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহযোগী অধ্যাপক হিসাবে ৫ (পাঁচ) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহযোগী অধ্যাপক হিসাবে ৭ (সাত) বৎসরসহ ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি;<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহযোগী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) টি সহ ১২ (বারো) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে];<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| ২। | সহযোগী অধ্যাপক (গ্রেড-৪) টাকা ৫০০০০-৭১২০০ | কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-১<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং-২ | ০৩ | ৫০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) বৎসরসহ ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহকারী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) টিসহ ৭ (সাত) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে];<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে) এবং<br>(ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| | | ইংরেজী-১ | ০১ | ৫০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) বৎসরসহ ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মানবিক বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি;<br>অথবা, কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউটে সহকারী অধ্যাপক হিসাবে ৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মানবিক বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি;<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে সহকারী অধ্যাপক হিসাবে ৪ (চার) টিসহ ৭ (সাত) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ৩ (তিন) টি প্রকাশনা এবং ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে]; |

| ক্রঃ | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী) | | পদের সংখ্যা | ৩১ মে ২০২৫ তারিখে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| | | | | | (গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মানবিক বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির যে কোনো একটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি এবং অন্যটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.২৫ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| ৩। | সহকারী অধ্যাপক<br>(গ্রেড-৬)<br>টাকা ৩৫৫০০-৬৭০১০ | কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-৩<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং-১ | ০৪ | ৪৩ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ প্রভাষক হিসাবে ৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ প্রভাষক হিসাবে ১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি;<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে ৪ (চার) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে প্রভাষক হিসাবে ১ (এক) টি প্রকাশনা এবং First Author/Corresponding Author হিসাবে ১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে];<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| | | গণিত-১ | ০১ | ৪৩ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ প্রভাষক হিসাবে ৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ প্রভাষক হিসাবে ২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স অব ফিলোসফি (এমফিল) বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট এ প্রভাষক হিসাবে ১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) বা সমমানের ডিগ্রি;<br>(খ) গবেষণা বিষয়ে পিয়ার রিভিউড জার্নালে ৪ (চার) টি প্রকাশনা থাকিতে হইবে [যাহার মধ্যে প্রভাষক হিসাবে ১ (এক) টি প্রকাশনা এবং First Author/Corresponding Author হিসাবে ১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে];<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| ৪। | প্রভাষক<br>(গ্রেড-৯)<br>টাকা ২২০০০-৫৩০৬০ | সিভিল ইঞ্জিনিয়ারিং-১<br>কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-২<br>ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক অ্যান্ড কমিনিকেশন ইঞ্জিনিয়ারিং-১<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-১<br>এ্যারোনেটিক্যাল ইঞ্জিনিয়ারিং-১<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিঃ-১ | ০৭ | ৩২ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(খ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| | | পদার্থ-১ | ০১ | ৩২ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(খ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |
| | | ইংরেজী-১ | ০১ | ৩২ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মানবিক বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং থিসিসসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি (উভয় ডিগ্রির যে কোনো একটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ বা প্রথম শ্রেণি এবং অন্যটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.২৫ বা প্রথম শ্রেণি থাকিতে হইবে); এবং<br>(খ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.৫০ বা সমমানের বিভাগ থাকিতে হইবে। |

**অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করিতে হইবে:**

১. চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হইবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করিতে হইবে;

২. প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করিতে হইবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি;

(খ) পূরণকৃত Online Application Form ও Admit Card সহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ০১ (এক) সেট ফটোকপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(গ) নিজ নিজ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রশাসক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হইলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রসহ অন্যান্য কাগজপত্র;

(ঙ) আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(চ) আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী বা তৃতীয় লিঙ্গ হইলে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র;

(ছ) চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি এবং

(জ) বৈধ জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের মূল কপি প্রদর্শন করিতে হইবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৩. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী:**

(ক) আগ্রহী প্রার্থীগণ Online Application Portal (https://career.mist.ac.bd)-এ প্রবেশ করিয়া নির্ধারিত ফরম পূরণ করিতে পারিবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী Online Application Portal-এ পাওয়া যাইবে।

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮ মে ২০২৫ তারিখ সকাল ৯:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় ৩১ মে ২০২৫ তারিখ বিকাল ৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় হইতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Online Payment Gateway System (SSLCOMMERZ)-এর মাধ্যমে Online Application Portal (https://career.mist.ac.bd) হইতে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন;

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁহার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০ pixel) স্ক্যান করিয়া নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হইতে হইবে;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন। ভুল বা অসত্য তথ্য দাখিল করা হইলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তাঁহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে;

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন;

ঙ. **পরীক্ষার ফি প্রদান**: প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Online-এ আবেদনপত্রের সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকা অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা করিবেন। **বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হইবে না"**। উল্লেখ্য, Online Payment Gateway System (SSLCOMMERZ)-এর মাধ্যমে পরীক্ষার ফি জমাদানের জন্য উপরোক্ত অফেরৎযোগ্য মোট টাকার সাথে অতিরিক্ত ২.৩%-৩.৩% চার্জ প্রদান করিতে হইবে।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট (Colour Print) করিয়া লইবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন;

ছ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

জ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি Online Application Portal (https://career.mist.ac.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে;

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হইলে যে কোনো অপারেটরের ফোন নম্বর হইতে হেল্পলাইন নাম্বার: ০১৭৬৯০২৪১১৬ এ কল করিতে পারিবেন এবং প্রয়োজনে হেল্পলাইন ই-মেইল অ্যাড্রেস: career@mist.ac.bd এ যোগাযোগ করিতে পারিবেন।

৪. এই নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হইবে;

৫. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন;

৬. প্রত্যেক প্রার্থীকে অবশ্যই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা Online Application Form-এ উল্লেখ করিতে হইবে;

৭. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হইলে অনুসরণ করা হইবে;

৮. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনোপ্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না এবং;

৯. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২১/৪/২৫

সদস্য সচিব, বিভাগীয় নিয়োগ কমিটি
ও
যুগ্মসচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়